



রাজধানীসহ বিভিন্ন জেলায় ভূমিকম্প অনুভূত



সংগৃহীত ছবি

রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে হালকা ভূমিকম্প অনুভূত হয়েছে। মঙ্গলবার (২৬ মে) সকাল সোয়া ১১টার পর থেকে এ কম্পন টের পাওয়া যায়। আবহাওয়া অধিদপ্তর ও সংশ্লিষ্ট পর্যবেক্ষণ কেন্দ্রের তথ্য অনুযায়ী, ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল ময়মনসিংহের ভালুকা এলাকায়। বেলা ১১টা ৪১ মিনিটে ভূমিকম্পটি রেকর্ড করা হয়। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৩ দশমিক ৪। ঢাকা থেকে প্রায় ৬১ কিলোমিটার উত্তরে ভূমিকম্পের কেন্দ্র অবস্থিত বলে জানানো হয়েছে। ভারতের ভূমিকম্প পর্যবেক্ষণ সংস্থা সেন্টার ফর সিসমোলজি জানিয়েছে, এই কম্পনের মাত্রা ছিল ৩ দশমিক ৬ এবং এটি ভূপৃষ্ঠের প্রায় ১০ কিলোমিটার গভীরে সংঘটিত হয়। এর অবস্থান নির্ধারণ করা হয়েছে ২৪ দশমিক ৩৩ উত্তর অক্ষাংশ এবং ৯০ দশমিক ৩৯ পূর্ব দ্রাঘিমাংশে। বিশেষজ্ঞদের মতে, ৩ থেকে ৩ দশমিক ৯ মাত্রার ভূমিকম্প সাধারণত মৃদু হিসেবে ধরা হয়, যা অনেক সময় বহুতল ভবনে থাকা মানুষজনই বেশি অনুভব করতে পারেন।

LENS ASIA